

ইবির সমাবর্তন আজ

ইবি সংবাদদাতা ৷ আজ বৃহস্পতিবার কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয়ের তৃতীয় সমাবর্তন অনুষ্ঠিত হবে। প্রধানমন্ত্রী ও ইসলামী বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর বেগম খালেদা জিয়া সমাবর্তন অনুষ্ঠানে সভাপতিত্ব এবং সনদ বিতরণ করবেন। শিক্ষামন্ত্রী ড: এম. ওসমান ফারুক বিশেষ অতিথি হিসাবে থাকবেন। এ ছাড়া কুষ্টিয়া-ঝিনাইদহের সাংসদ বৃন্দও উপস্থিত থাকবেন বলে জানা গেছে। বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গেছে, সমাবর্তন অনুষ্ঠানে ১৮৪ শিক্ষার্থী রেজিস্ট্রেশন করেছে। এমফিল ভিত্তিক ৬ জন, পিএইচডি ১৭ জন ছাড়াও এ বছর ৯ জনকে স্বর্ণপদক দেয়া হবে।